# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 25-02-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) বিধানসভা নির্বাচনের আগে পশ্চিমবঙ্গে মোতায়েন কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর সদস্যদের জন্য বরাদ্দ গাড়িগুলিতে জিপিএস ট্র্যাকার লাগানোর সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন।

বিধানসভা নির্বাচনের প্রাক্কালে আগামী মাসে ভোট কর্মীদের প্রশিক্ষণ শুরু হতে চলেছে।

২) বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নিরাপত্তার বিষয়ে মামলা দায়ের করার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট ।

৩) সুপ্রিম কোর্ট, অষ্টম শ্রেণীর এনসিইআরটি পাঠ্য বইয়ে বিচার বিভাগে দুর্নীতির প্রসঙ্গ উত্থাপনের বিষয়টি স্বতঃপ্রণোদিতভাবে গ্রহণ করে এ ব্যাপারে গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

৪) বীরভূমের সিউড়ী ও আসানসোল আদালতে গতকালের মতো আজও বোমা রাখা আছে বলে হুমকি মেল আসে। চলেছে তল্লাশি।

৫) চলতি মাসে এবছরের জন্য রাজ্যে নিজস্ব প্রকল্পে রেশন গ্রাহকদের চালের জোগানের লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হয়েছে।

৬) হাওড়ার গোলাবাড়ি থানার পিলখানায় আজ ভোরে দুষ্কৃতীদের গুলিতে এক প্রোমোটারের মৃত্যু। এলাকায় মোতায়েন রয়েছে পুলিশ।

-------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন, বিধানসভা নির্বাচনের আগে পশ্চিমবঙ্গে মোতায়েন কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনীর সদস্যদের জন্যে বরাদ্দ গাড়িগুলিতে জিপিএস ট্র্যাকার লাগানোর সিদ্ধান্ত নিয়েছে। রাজ্যে দুটি পর্যায়ে আধাসামরিক বাহিনীর জওয়ানদের মোতায়েন করা হবে।

প্রথম পর্যায়ে পয়লা মার্চ থেকে ২৪০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। কমিশন নির্দেশ দিয়েছে সশস্ত্র বাহিনী, এলাকায় নজরদারী চালানোর পাশাপাশি রাজ্যের ভৌগলিক অবস্থানগুলির সঙ্গেও নিজেদের অবহিত করবে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন, জিপিএস ট্র্যাকিং সিস্টেমটি কমিশন নিযুক্ত কেন্দ্রীয় পর্যবেক্ষকদের সশস্ত্র পুলিশ বাহিনীর সদস্যদের গতিবিধি পর্যবেক্ষণ করতে সহায়ক হবে।

১০ই মার্চ থেকে দ্বিতীয় পর্যায়ে আরও ২৪০ কোম্পানি মোতায়েন করা হবে। আগের নির্বাচনগুলিতে আধা সামরিক বাহিনীর জওয়ানদের যথাযথভাবে কাজে না লাগানো সম্পর্কে অভিযোগের পর কমিশনের এই পদক্ষেপ।

----------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রাক্কালে আগামী মাসে ভোটকর্মীদের জন্য প্রশিক্ষণ শুরু হতে চলেছে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর এক বিজ্ঞপ্তিতে জানা গেছে, রাজ্য স্তরে ৬ থেকে ১৩'ই মার্চ পর্যন্ত মনোনয়ন প্রক্রিয়া, প্রযুক্তির ব্যবহার, নজরদারি, ভোটগ্রহণ ও গণনা, নির্বাচনী তালিকা এবং সামগ্রিক ভোট পরিচালনার জন্য পর্যায়ক্রমে প্রশিক্ষণ দেওয়া হবে। এতে জেলা নির্বাচনি আধিকারিক, RO এবং ARO), পুলিশ আধিকারিক, মিডিয়া প্রতিনিধি এবং রাজনৈতিক দলগুলি অংশ নেবে।

জেলা স্তরে ইভিএম সংক্রান্ত ফার্স্ট লেভেল চেকিং থেকে শুরু করে আইন-শৃঙ্খলা, মডেল কোড, ব্যয় পর্যবেক্ষণ, অভিযোগ ব্যবস্থাপনা এবং ভোটের দিন সংক্রান্ত বিষয় নিয়ে মার্চের মাঝামাঝি পর্যন্ত ধারাবাহিক প্রশিক্ষণ চলবে। মহকুমা ও RO স্তরে পোলিং পার্সোনেলদের জন্য তিন দিনের প্রশিক্ষণ, ইভিএম-ভিভিপ্যাটে হাতে-কলমে মহড়া, ১০০টি মক ভোট দিয়ে সার্টিফিকেশনও বাধ্যতামূলক করা হয়েছে।

-----------------------

বাঁকুড়ার ইন্দপুর ব্লকের ভালুকা গ্রামে গতকাল গৃহ সম্পর্ক অভিযানে যোগ দেন বিজেপি নেতা দিলীপ ঘোষ। তিনি গ্রামের বাড়ি বাড়ি গিয়ে বাসিন্দাদের হাতে বিজেপির প্রচারপত্র তুলে দেন। পরে গ্রামের একটি হরি মন্দিরে পাড়া বৈঠক করেন তিনি। বৈঠকে দিলীপ ঘোষ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনমুখী প্রকল্পের কথা তুলে ধরার পাশাপাশি রাজ্যের সরকারের কঠোর সমালোচনা করেছেন।

রাজ্যে জঙ্গলরাজ চলেছে বলে দাবি করেন তিনি

বাইট

-----------------------

বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নিরাপত্তার বিষয়ে কলকাতা হাইকোর্ট একটি মামলা দায়েরের অনুমতি দিয়েছে। নির্বাচন কমিশনের অফিসে গতকাল বিরোধী দলনেতাকে লক্ষ্য করে বিক্ষোভ দেখানো হয়। এর আগে পুলিশকে এ বিষয়ে সতর্ক থাকতে বলা সত্ত্বেও তাঁরা কোন ব্যবস্থা গ্রহণ করেনি বলে অভিযোগ। এই মর্মে প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করেছেন শুভেন্দু অধিকারীর আইনজীবী।

উল্লেখ্য বিধানসভার বিরোধী দলনেতা সহ বিরোধী দলের নেতা নেত্রীদের যেকোনো অনুষ্ঠানে তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা যাতে কাছাকাছি পৌঁছাতে না পারে সেই আর্জি জানিয়ে প্রধান বিচারপতির বেঞ্চে দায়ের হওয়া একটি জনস্বার্থ মামলা বর্তমানে বিচারাধীন। এর মধ্যেই এ সংক্রান্ত নতুন করে আরও একটি মামলা দায়ের করা হবে ।
এদিকে, ভোটকর্মী ও বিএলও ঐক্য মঞ্চ, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে লক্ষ্য করে গতকালের বিক্ষোভ প্রদর্শনের ঘটনার তীব্র নিন্দা করেছে। মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেছেন এই ধরনের ঘটনা অত্যন্ত নিন্দনীয়।

বাইট

-----------------------

সুপ্রিম কোর্ট, অষ্টম শ্রেণীর এনসিইআরটি পাঠ্য বইয়ে বিচার বিভাগে দুর্নীতির প্রসঙ্গ উত্থাপনের বিষয়টি স্বতঃপ্রণোদিতভাবে গ্রহণ করেছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ এব্যাপারে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। প্রবীণ আইনজীবী কপিল সিবাল আজ আদালতে জানান, অষ্টম

শ্রেণীর পড়ুয়াদের যেভাবে বিচার বিভাগের দুর্নীতি সম্পর্কে পাঠ দেওয়া হচ্ছে, তা অত্যন্ত উদ্বেগের। বিচারপতি জয়মাল্য বাগচি একে সংবিধানের মূল কাঠামোর পরিপন্থী হিসাবে মন্তব্য করেন। প্রধান বিচারপতি জানান, শীর্ষ আদালতের পাশাপাশি হাইকোর্টের বিচারপতিরাও এ ব্যাপারে অত্যন্ত বিচলিত। আদালতের মানহানি কোনোভাবেই মেনে নেওয়া হবে না বলেও বেঞ্চ স্পষ্ট জানিয়েছে।

উল্লেখ্য, এনসিইআরটির অষ্টম শ্রেণীর সোশ্যাল সায়েন্সের নতুন পাঠ্য পুস্তকে বিচার ব্যবস্থায় বিভিন্ন চ্যালেঞ্জ হিসাবে দুর্নীতি, বহু মামলা বকেয়া থাকা এবং বিচারকদের ঘাটতির কথা উল্লেখ করা হয়েছে।

----------------------

বীরভূমের সিউড়ী ও আসানসোল আদালতে গতকালের মতো আজও বোমা রাখা আছে বলে হুমকি মেল আসে। এর প্রেক্ষিতে আদালত ও আদালত চত্বর খালি করে দেওয়া হয়েছে। বোম্ব স্কোয়াড ও পুলিশ কুকুর দিয়ে চলেছে তল্লাশি। দুই জায়গাতেই আছেন পুলিশের আধিকারিকরা।

উল্লেখ্য, গতকালও কলকাতা সহ রাজ্যে একাধিক জেলা আদালতে বোমাতঙ্কের ইমেইল ঘিরে চাঞ্চল্য ছড়ায়। সিউরি, আসানসোল ছাড়াও কলকাতার ব্যাঙ্কশাল ও নগর দায়রা আদালত, কৃষ্ণনগর, দুর্গাপুর, চুঁচুড়া, বহরমপুর ও আরামবাগ আদালতেও এধরনের হুমকি মেইল আসে। কিন্তু কোথাওই তল্লাশি চালিয়ে কিছু পাওয়া যায়নি। কোথা থেকে এই ইমেইল এলো, পুলিশ তা খতিয়ে দেখছে।

----------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় : এ আই সামিট এবং বিনোদন ও সংবাদ মাধ্যমে কৃত্রিম বুদ্ধিমত্তা। পরিচালক অতনু ঘোষ ও পরিচালক, সমালোচক এবং সাংবাদিক রত্নোত্তমা সেনগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ (২৫/০২/২৬) রাত সাড়ে ন টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। এই অনুষ্ঠানের দ্বিতীয় তথা শেষ পর্ব শুনতে পাবে আগামীকাল রাত আটটায়।

-----------------------

চলতি মাসে এবছরের জন্য রাজ্যে নিজস্ব প্রকল্পে রেশন গ্রাহকদের চালের জোগানের লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হয়েছে। খাদ্যদপ্তরের সাম্প্রতিক এক পর্যালোচনা রিপোর্টে জানানো হয়েছে, স্টেট পুল বা রাজ্যের খাদ্য ভান্ডারের জন্য যে পরিমাণ ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল, তা পূরণ হয়েছে। এখন থেকে মূলত কেন্দ্রীয় পুল বা কেন্দ্রীয় খাদ্য ভান্ডারের জন্যই ধান কেনার উপর জোর দেওয়া হবে।

উল্লেখ্য, চলতি খরিফ মরশুমে মোট ৬৭ লক্ষ টন ধান কেনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। এর মধ্যে ৪১ লক্ষ ১৫ হাজার টন কোেন্দ্রীয় এবং ২৫ লক্ষ ৮৫ হাজার টন রাজ্য। ভান্ডারের জন্য। এই ধান থেকে মোট ৪৫ লক্ষ ৫৬ হাজার টন চাল উৎপাদনের কথা। তার মধ্যে ২৭ লক্ষ ৯৮ হাজার টন যাবে কেন্দ্রীয় পুলে এবং ১৭ লক্ষ ৪৬ হাজার টন স্টেট পুলে।

খাদ্য দপ্তরের সর্বশেষ তথ্যে প্রকাশ এখনও পর্যন্ত প্রায় ৪৩ লক্ষ টন ধান কেনা হয়েছে। ২৪ লক্ষ ছোট ও প্রান্তিক কৃষক সরকারের কাছে ধান বিক্রি করেছেন। এই মরশুমে নাম নথিভুক্ত করেছেন আরও প্রায় ৩২ লক্ষ কৃষক।

----------------------

হাওড়ার গোলাবাড়ি থানার পিলখানায় আজ ভোরে দুষ্কৃতিদের গুলিতে সৌফিক খান ওরফে সফিকুল নামে এক প্রমোটারের মৃত্যু হওয়ায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী।

পুলিশ সিসিটিভি ফুটেজ দেখে হারুন খান ও রোহিত নামে দুজনের খোঁজে তল্লাশি করছে। সফিকুল ভোরে খাবার কিনতে দোকানে যাওয়ার সময় দুই দুষ্কৃতিকে তার সঙ্গে কথা বলতে দেখা যায়। হঠাৎই পিছন থেকে একজন সৌফিকের মাথা লক্ষ্য করে গুলি করে। সে লুটিয়ে পড়তেই বুকেও কয়েক রাউন্ড গুলি চালায় দুষ্কৃতিরা। পুরনো ব্যবসায়িক শত্রুতার জেরেই এই খুন বলে পুলিশের প্রাথমিক অনুমান।

----------------------

কলকাতার তিলজলায় সোমবার গভীর রাতে গুলি চালনার ঘটনায় গ্রেপ্তার হওয়া দুজনকে আজ আদালতে তোলা হবে। এই ঘটনায় মূল অভিযুক্ত মহঃ সলমনকে গতরাতে গ্রেফতার করা হয়। আজ সকালে গ্রেপ্তার হয়েছে মহঃ আনোয়ার। উল্লেখ্য বেনিয়াপুকুর থানা এলাকার তিলজলাতে সোমবার সন্ধ্যেতে মহঃ সলমন ও মহঃ নিয়াজ এর মধ্যে বচসা হয়। গভীর রাতে মহঃসলমন সহ কয়েকজন মহঃনিয়াজের বাড়িতে আসে। তারা নিয়াজের পায়ে গুলি করে পালিয়ে যায়।

----------------------

মালদার বৈষ্ণবনগর থানার পারদেওনাপুর শোভাপুর অঞ্চলের অনন্তপুর গ্রামের বাঁশ বাগানে ৩ জারভর্তি বোমা উদ্ধার করা হয়েছে। বম্ব স্কোয়াডকে ও খবর দেওয়া হয়েছে। বিধানসভা নির্বাচনের আগে এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে।

-----------------------

দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে বিজয়গঞ্জ বাজারে নতুন থানা উদ্বোধনের আগের রাতে বানিয়ারা গ্রামে অভিযান চালিয়ে ২৮টি তাজা বোমা ও একটি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে উত্তর কাশীপুর থানার পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে সামিম খাঁন নামে এক আইএসএফ কর্মীর বাড়িতে তল্লাশি এগুলি পাওয়া যায়। এখনও গ্রেপ্তারির কোন খবর পাওয়া যায় নি।

-----------------------

রাজ্যে আগামী কয়েক দিন শুষ্ক আবহাওয়াই বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তাপমাত্রার আপাতত বিশেষ তারতম্য না হলেও মার্চ মাসের গোড়াতেই দু থেকে তিন ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা বাড়ার সম্ভাবনা।

উত্তরবঙ্গে অবশ্য দু-এক জায়গায় আজ বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হতে পারে। দার্জিলি পাহাড়ি এলাকায় গতকাল দু এক জায়গায় হালকা শিলাবৃষ্টির খবর পাওয়া গেছে।

আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে কিছুটা কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা অবশ্য নেমে যায় ২৬

দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াসে, স্বাভাবিকের তুলনায় যা তিন দসমিক ৭ ডিগ্রি কম। তবে আজ সর্বোচ্চ তাপমাত্রা বাড়বে।

-----------------------   -----------------------